# জবির বি সি ডি ইউনিটের ফল প্রকাশ

জবি প্রতিনিধি
২৪ মার্চ ২০২৫, ১২:০০ এএম

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথমবর্ষের ভর্তি পরীক্ষার তিন ইউনিটের ফল প্রকাশ করা হয়েছে। এর মধ্যে রয়েছে ‘বি’ ইউনিট কলা ও আইন অনুষদ, ‘সি’ ইউনিট ব্যবসায় শিক্ষা অনুষদ এবং ‘ডি’ ইউনিট সামাজিক বিজ্ঞান অনুষদ। গতকাল রবিবার বিশ্ববিদ্যালয় থেকে পাঠানো এক পৃথক তিন বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী ৮ এপ্রিল থেকে ১৭ এপ্রিল পর্যন্ত উত্তীর্ণ শিক্ষার্থীরা িি.িধফসরংংরড়হ. লহঁ.ধপ.নফ তে লগইন করে বিষয় পছন্দ (ঝঁনলবপঃ ঈযড়রপব) দিতে পারবে।

বি ইউনিটের তিন শিফটে মোট আসন সংখ্যা ৭৮৫টি। সি ইউনিটের দুই শিফটে মোট আসন সংখ্যা ৫২০টি। ডি ইউনিটের দুটি শিফটে মোট আসন সংখ্যা ৫৯০টি।